

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৬৭৩

খোয়াই, ৩০ অক্টোবর, ২০২৪

মুখ্যমন্ত্রী সামাজিক সহায়তা প্রকল্প

খোয়াই জেলায় ২,৮২৫ জন সুবিধাভোগী সামাজিক ভাতা পাচ্ছেন

মুখ্যমন্ত্রী সামাজিক সহায়তা প্রকল্পে খোয়াই জেলায় ২,৮২৫ জন সুবিধাভোগী সামাজিক ভাতা পাচ্ছেন। এই প্রকল্পে জেলার মুঙ্গিয়াকামি ব্লকে ৪৫০ জন, তেলিয়ামুড়া ব্লকে ৪৩১ জন, কল্যাণপুর ব্লকে ৫৫০ জন, খোয়াই পুর এলাকায় ৯২ জন, খোয়াই ব্লকে ৩৩৩ জন, পদ্মবিল ব্লকে ৩৫২ জন, তুলাশিখর ব্লকে ৪২৫ জন, তেলিয়ামুড়া পুর এলাকায় ১৯২ জন সুবিধাভোগী এই ভাতা পাচ্ছেন। প্রত্যেক সুবিধাভোগীকে মাসে ২ হাজার টাকা করে ভাতা দেওয়া হচ্ছে। জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
